**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা**

উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনের কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ অনুসারে ইনোভেশন টিম গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের ২১/০৬/২০১৫ তারিখের স্বারক নং ০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫-৬৭ অনুসারে ইনোভেশন টিমসমূহের জন্য উদ্ভাবন পরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা জারি করা হয় যেখানে সেবা প্রক্রিয়া সহজিকরণ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন,উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি, পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার সংক্রান্ত উদ্ভাবন ক্ষেত্রগুলি চিহ্নিত করে কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। তারই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইনোভেশন টিম কর্তৃক ২০১৮-২০১৯ সালের জন্য একটি কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে যা নিম্নরুপঃ

**১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের বাৎসরিক কর্মপরিকল্পনা**

| ক্রঃ নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ ) | প্রত্যাশিত ফলাফল ( এটি সম্পাদিত হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে ) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড ) |
|---|---|---|---|---|
| ১ | Pension Case Management System | ১ জুলাই ২০১৮- ৩০ জুন ২০১৯ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সংক্রান্ত সেবা সহজীকরণ | বাস্তবায়ন সম্পন্ন হলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সংক্রান্ত সেবা সহজীকরণ করা সম্ভব হবে। |
| ২ | Court Case Management এর ১টি Dashboard চালু করতে হবে। | ১ জুলাই ২০১৮- ৩০ জুন ২০১৯ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মামলা সংক্রান্ত তথ্য সহজে জানা যাবে।। | বাস্তবায়ন সম্পন্ন হলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মামলা সংক্রান্ত তথ্য জনগণের সহজে জানতে পারবে। |